



অধ্যক্ষের কার্যালয়

উত্তর বাংলা কলেজ

ডাকঘর: কাকিনা, উপজেলা: কালীগঞ্জ, জেলা: লালমনিরহাট।

স্থাপিত: ১৯৯৪


প্রতিষ্ঠান কোড: ৮৯০৩০২৩২০১ (সাধারণ), ৮৯০৩০১৭২০১ (বি.এম), জাতীয় বিশ্ববিদ্যালয়: ২৯০৭, শিক্ষাবোর্ড: ৭৩২৬, কারিগরি: ১৫০২৮, EIIN No. 122891

তারিখ: ০৪ জুন, ২০২৬

নোটিশ

উত্তর বাংলা কলেজের শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৭ জুন ২০২৬ তারিখ রবিবার সকাল ১০:০০ টায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র, ঢাকায় চাহিদাভিত্তিক শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টিতে দেশব্যাপী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১২০০০ শিক্ষকের প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠান রেভেড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানটি অনলাইনে (Zoom) যুক্ত হয়ে কলেজের 'কনফারেন্স রুম (৩য় তলা)'-এ প্রত্যক্ষ করা হবে। এ প্রেক্ষিতে কলেজের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের সথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।

দ্রষ্টব্য: জনাব মো. মশিয়ার রহমান, সহকারী অধ্যাপক (আইসিটি)-এর নেতৃত্বে অনুষ্ঠানটি পরিচালিত হবে।


৪/৬/২৬ ইং

হাসান আহম্মেদ
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উত্তর বাংলা কলেজ
কাকিনা, কালীগঞ্জ, লালমনিরহাট।

o/c
Sreen
29/05/24



শিক্ষক প্রশিক্ষণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

(একই তারিখ ও সূত্রের ছুলাভিষিক্ত)

স্মারক: ১৪(১৪৯)জাতী:বি:/প্রশিক্ষণ/a2i & UNICEF/ICT/২০২৫/৪৯/৯০

তারিখ: ২৭/০৫/২০২৬

প্রাপক:

অধ্যক্ষ, কোর ট্রেইনার ও মাস্টার ট্রেইনার (আইসিটি) প্রশিক্ষণপ্রাপ্ত অধিভুক্ত কলেজসমূহ

প্রেরক:

পরিচালক, শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

বিষয়: চাহিদাভিত্তিক শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টিতে দেশব্যাপী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১২০০০ শিক্ষকের প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠানে অনলাইন (জুম)-এ অংশগ্রহণ প্রসঙ্গে

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আগামী ৭ জুন ২০২৬ তারিখ রবিবার সকাল ১০:০০ টায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র, ঢাকায় চাহিদাভিত্তিক শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টিতে দেশব্যাপী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১২০০০ শিক্ষকের প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠান ব্রেডেড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (সম্মান) পর্যায়ে আইসিটি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ৯০ জন কোর ট্রেইনার এবং ৮৪০ জন মাস্টার ট্রেইনার অনলাইন (ZOOM)-এ সংযুক্ত থাকবেন। এ প্রেক্ষিতে প্রশিক্ষণপ্রাপ্ত কলেজসমূহের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে কলেজের সুবিধাজনক হলরুম বা অডিটোরিয়ামে প্রজেক্টর/বড় স্ক্রিনের মাধ্যমে অনুষ্ঠানটি প্রত্যক্ষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। **Zoom Link** (কোর ট্রেইনার এবং মাস্টার ট্রেইনার **WhatsApp** গ্রুপে) যথাসময়ে প্রেরণ করা হবে।

উল্লেখ্য, যে সকল কলেজের অধ্যক্ষ ও শিক্ষকগণ সরাসরি অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আমন্ত্রিত হয়েছেন, তাঁরা ব্যতীত কলেজের অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীরা যাতে অনলাইন (Zoom)-এ সংযুক্ত হয়ে অনুষ্ঠানটি প্রত্যক্ষ করতে পারেন- এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

২৭/০৫/২০২৬

(মোছা: সালমা পারভীন)

পরিচালক

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

ইমেইল: teachers.training@nu.ac.bd

স্মারক: ১৪(১৪৯)জাতী:বি:/প্রশিক্ষণ/a2i & UNICEF/ICT/২০২৫/৪৯/৯০

তারিখ: ২৭/০৫/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, বিভিন্ন (জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠানটি সরাসরি নির্বাহী রাখার অনুরোধসহ);
২. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৩. পরিচালক, অনলাইন এডুকেশন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৪. অতিরিক্ত রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৫. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৬. অতিরিক্ত-রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৭. ড. মো: হায়দার আলী, সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়; (জরুরি যোগাযোগ: ০১৭১২-৯৯৩১৭৫);
৮. সহকারী-রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৯. অফিস কপি।

পরিচালক

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়